গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৩৪৬ তারিখ: ২৭ ডিসেম্বর ২০১৯

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের নভেম্বর ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৯ ডিসেম্বর ২০১৯, সময় : সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে উপ-পরিচালক (কল্যাণ) জনাব শরিফুল ইসলাম গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ। | পূর্বের ধারাবাহিকতা অনুযায়ী প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রাপ্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী উপস্থাপিত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ বেশী হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। নব যোগদানকারী পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) জনাব শোয়াইব আহমাদ খান-কে সভাপতি স্বাগত জানান। পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) দায়িত্ব পালনে সকলের সহযোগিতা কামনা করেন। একই সাথে সভায় উপস্থিত সকলের পরিচয় প্রদান করা হয়। | প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ বৃদ্ধির ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিদ্যমান অর্গানোগ্রাম সংশোধন। | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম মাঠ পর্যায়ে সম্প্রসারণের নিমিত্ত অর্গানোগ্রাম সংশোধন করার লক্ষ্যে গঠিত কমিটির সদস্যগণ মাঠ পর্যায়ের চাহিদা নিরুপণ ও বিশ্লেষণ করে বিদ্যমান অর্গানোগ্রাম সংশোধনপূর্বক প্রস্তুতকৃত অর্গানোগ্রাম বোর্ড সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা হয়। | মাঠ পর্যায়ের চাহিদা নিরুপণ ও বিশ্লেষণ করে বিদ্যমান অর্গানোগ্রাম সংশোধনপূর্বক প্রস্তুতকৃত অর্গানোগ্রাম পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.০ | কর্মচারীদের পেনশন। | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মচারীদের চাকুরি শেষে সরকারি অন্যান্য সংবিধিবদ্ধ/ স্ব-শাসিত প্রতিষ্ঠানের অনুরূপ পেনশন পদ্ধতি চালু করার লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক একটি পেনশন পরিকল্প খসড়া প্রস্তুত করা হয়েছে। যা পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় আলোচনা হয়। | সরকারি অন্যান্য সংবিধিবদ্ধ / স্ব-শাসিত প্রতিষ্ঠানের পেনশন পদ্ধতির সাথে সামঞ্জস্য রেখে অত্র প্রতিষ্ঠানের কর্মচারীদের পেনশন পদ্ধতি চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| ৪.০ | কর্মচারীর মেধাবী সন্তানদের বৃত্তি প্রদান। | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মচারীদের মেধাবী সন্তান-কে প্রবাসী কর্মীর সন্তানদের ন্যায় শিক্ষা বৃত্তি প্রদানের বিষয়ে যৌক্তিকতাসহ বিস্তারিত উল্লেখপূর্বক একটি প্রতিবেদন পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মচারীদের মেধাবী সন্তান-কে প্রবাসী কর্মীর সন্তানদের ন্যায় শিক্ষা বৃত্তি প্রদানের বিষয়ে যৌক্তিকতাসহ বিস্তারিত উল্লেখপূর্বক যথাশ্রীঘ্রই একটি প্রতিবেদন প্রস্তুতপূর্বক পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (আইআরপি) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৫.০ | প্রবাসী কর্মীদের জন্য বীমা প্রক্রিয়া চালু। | সভাপতি সভাকে অবহিত করেন যে, বিদেশগামী বাংলাদেশী কর্মীদের জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক প্রদত্ত সেবাসমূহের পাশাপাশি বাধ্যতামুলক "প্রবাসী কর্মী বীমা" পদ্ধতি চালু করা হচ্ছে। আগামী ১১ ডিসেম্বর ২০১৯ তারিখে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড জীবন বীমা কর্পোরেশন এর সাথে একটি চুক্তি পত্র স্বাক্ষর করবে এবং ১৯ ডিসেম্বর ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী প্রবাসী কর্মী বীমা পদ্ধতি শুভ উদ্বোধন করবেন। উক্ত বীমা কার্যক্রম পরিচালনায় অত্র দপ্তরে একটি সেল গঠন করা হবে। গঠিত সেলের জন্য প্রয়োজনীয় জনবল ও মালামাল সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) কে নির্দেশনা প্রদান করা হয়। প্রবাসী কর্মী বীমা পদ্ধতি চালু করার জন্য মহাপরিচালক সংশ্লিষ্ট সকলকে যথাযথ দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদান করেন। | বিদেশগামী বাংলাদেশী কর্মীদের জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আওতাধীন বাধ্যতামুলক "প্রবাসী কর্মী বীমা" পদ্ধতি চালু করা নিমিত্ত অত্র দপ্তরে একটি সেল গঠনপূর্বক প্রয়োজনীয় জনবল ও মালামাল সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও), ------------------
৭। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হশাআবি, ঢাকা।
৮। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১২। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১৩। মাষ্টার নথি/২০১৯।